

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

জরুরি

জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শেরপুর।

নম্বর ১৩.০২.৮৯০০.০০০.৪৫.০০২.১৯.১৬

তারিখ ১৭ বৈশাখ ১৪২৬

৩০ এপ্রিল ২০১৯

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: অভ্যন্তরীণ বোরো সংগ্রহ/১৯ সংক্রান্ত

এতদ্বারা অভ্যন্তরীণ বোরো সংগ্রহ/২০১৯ মৌসুমে সরকারিভাবে চাল ক্রয়ের লক্ষ্যে শেরপুর জেলাধীন সকল বৈধ লাইসেন্সধারী সচল মিল মালিকগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের মাধ্যমে জেলা খাদ্য নিয়ন্ত্রক বরাবর আগামী ০৪/০৫/২০১৯ খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ আবেদনপত্র ও সংযুক্তি কাগজপত্র যাচাই বাছাই করে সুপারিশসহকারে নির্বাচিত মিলের তালিকা জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করবেন।

"শর্তাবলী"

- সংগ্রহের সময়সীমা ২৫ এপ্রিল, ২০১৯ থেকে ৩১ আগস্ট, ২০১৯ পর্যন্ত। প্রতি কেজি চালের সংগ্রহ মূল্য ৩৬.০০ (ছয়ত্রিশ) টাকা ও আতপ চালের সংগ্রহ মূল্য ৩৫.০০ (পয়ত্রিশ) টাকা;
- আবেদনের সংগে প্রদেয় কাগজপত্র-
 - মিল লাইসেন্স ও ফুডগ্রেইন লাইসেন্সের ফটোকপি; (খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি; (গ) সংশ্লিষ্ট উখানি কর্তৃক মিলারের ০২(দুই) কপি পাসপোর্টসাইজের সত্যায়িত ছবি; (ঘ) সর্বশেষ ০৩ (তিন) মাসের বিদ্যুৎ বিলের ফটোকপি/প্রত্যয়নপত্রের মূলকপি।
- চুক্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র-
 - ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প; (খ) মিল লাইসেন্স ও ফুডগ্রেইন লাইসেন্সের মূলকপি; (গ) বিদ্যুৎ বিলের মূল কপি; (ঘ) বরাদ্দ প্রাপ্ত চালের ২% (দুই) হারে জামানত এবং জামানতের সাথে প্রয়োজনীয় সংখ্যক খালি বস্তার জামানত মূল্য ৩০ কেজি ধারণক্ষম বস্তার প্রতিটির জন্য ৬০/- (ষাট) টাকা হারে পৃথকভাবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মিলার কর্তৃক যে কোন তফসীলি ব্যাংক হইতে নিম্নস্বাক্ষরকারী বরাবর জমা দিতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর পিছনে মিলের নাম ও বিভাজনের ক্রমিক নং অবশ্যই উল্লেখ করতে হবে।
- চালকল মালিকগণকে স্থানীয় কৃষকদের নিকট হতে ধান ক্রয় করে মিলে ছাটাই করে বিনির্দেশ মানের চাল প্রস্তুত করে সংশ্লিষ্ট খাদ্য গুদামে সরবরাহ করতে হবে।
- আগ্রহী চালকল মালিকগণকে আগামী ০৫/০৫/২০১৯ খ্রি. তারিখ বিকাল ০৬:০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে উপস্থিত হয়ে চুক্তি সম্পাদন করতে হবে।
- সকল ক্ষেত্রে খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ ও সময়ে সময়ে জারীকৃত নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

মিলের বরাদ্দ, বিভাজন, ও জামানত সম্পর্কিত তথ্যের জন্য সকাল ০৯:৩০ হতে বিকাল ০৫:০০ পর্যন্ত জেখানি দপ্তরে হটলাইন নম্বর ০১৫১৭-২৬৪১১৬ খোলা হয়েছে। ০৩/০৫/২০১৯ খ্রি. তারিখ শুক্রবার নামাজের সময় ব্যতীত এবং শনিবারও আবেদনপত্র গ্রহণ করা হবে।



৩০-৪-২০১৯

মোঃ ফরহাদ খন্দকার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা শেরপুর-১, ২ ও ৩ আসন, শেরপুর ও উপদেষ্টা জেলা সংগ্রহ কমিটি, শেরপুর।
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর
- ৪) উপজেলা চেয়ারম্যান(সকল), শেরপুর।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল), শেরপুর।
- ৬) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), শেরপুর।
- ৭) সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, শেরপুর এলএসডি-১, শেরপুর
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল), শেরপুর।
- ৯) সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা মিল মালিক সমিতি, শেরপুর
- ১০) সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা মিল মালিক সমিতি (সকল)..... শেরপুর।
- ১১) নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
- ১২) অফিস কপি/সংরক্ষণ নথি/ওয়েবসাইট, অত্র দপ্তর।